

আমরা দুজনা স্বৰ্গ-খেলনা গড়িব না ধৰণীতে
 মুগ্ধ ললিত অশ্ৰুগলিত গীতে ॥
 পঞ্চশরের বেদনামাধুরী দিয়ে
 বাসররাত্রি রচিব না মোরা প্রিয়ে—
 ভাগ্যের পায়ে দুর্বল প্রাণে ভিক্ষা না যেন যাচি ।
 কিছু নাই ভয়, জানি নিশ্চয়

তুমি আছ আমি আছি ॥

উড়াব উর্ধ্ব প্রেমের নিশান দুৰ্গমপথমাঝে
 দুৰ্দম বেগে দুঃসহতম কাজে ।
 রক্ষ দিনের দুঃখ পাই তো পাব—
 চাই না শান্তি, সান্ত্বনা নাহি চাব ।
 পাড়ি দিতে নদী হাল ভাঙে যদি, ছিন্ন পালের কাছি,
 মৃত্যুর মুখে দাঁড়ায়ে জানিব

তুমি আছ আমি আছি ।

দুজনের চোখে দেখেছি জগৎ, দোঁহারে দেখেছি দোঁহে—
 মরুপথতাপ দুজনে নিয়েছি সহে ।
 ছুটি নি মোহন মরীচিকা-পিছে-পিছে,
 ভুলাই নি মন সত্যেরে করি মিছে—
 এই গৌরবে চলিব এ ভবে যত দিন দোঁহে বাঁচি ।
 এ বাণী, প্রেয়সী, হোক মহীয়সী—

'তুমি আছ আমি আছি' ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Khambaj
 Visit www.geetabitan.com for notation and other detail